Department of Education

## বাইলিঙ্গুয়াল স্পেশাল এডুকেশন (BSE) কর্মসূচিসমূহ

বাইলিঙ্গুয়াল স্পেশাল এডুকেশন (BSE) যেসব শিক্ষার্থীর ইনডিভিজুয়াল এডুকেশন প্রোগ্রাম (IEP) ইংরেজি ব্যতীত অন্য একটি ভাষায় নির্দেশনাসহ একটি ইনটিগ্রেটেড কো-টিচিং (ICT) অথবা স্পেশাল ক্লাস সুপারিশ করে তাদের বিশেষায়িত কর্মসূচি প্রদান করে। শিক্ষার্থীর IEP টিম, পিতামাতা যার অন্তর্ভুক্ত, ব্যক্তিভেদে BSE সুপারিশ করে। BSE একটি স্পেশালাইজড কর্মসূচি কারণ এটি ডিস্ট্রিক্ট 1-32র প্রতিটি স্কুলে প্রদান করা হয় না। IEP সুপাররিশকৃত BSE কর্মসূচি গ্রহণে শিক্ষার্থীদের স্কুল ট্রান্সফার নেওয়া আবশ্যক হতে পারে।

বাইলিঙ্গুয়াল ICT এবং বাইলিঙ্গুয়াল স্পেশাল ক্লাস (12:1, 12:1:1, অথবা 15:1) কর্মসূচিগুলো সেসব ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার(ELLs)কে প্রদান করা হয় যারা তাদের জ্ঞানগত, অ্যাকাডেমিক ও ভাষাগত চাহিদা পূরণ করে এমন সাংস্কৃতিক ও ভাষাতাত্ত্বিকভাবে সংবেদনশীল ও প্রাসঙ্গিক নির্দেশনা থেকে লাভবান হবে। BSE কর্মসূচিগুলো ডিস্ট্রিক্ট স্কুলে অ্যাকাডেমিক দক্ষতা লাভের সুযোগ প্রদানের পাশাপাশি সাফল্য অভিজ্ঞতা করার জন্য আবশ্যক মাতৃভাষায় সহায়তা জুগিয়ে থাকে।

### BSE শিক্ষার্থীর প্রোফাইল

- **বর্গীকরণ:** শিক্ষার্থীদের অবশ্যই নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্টের রেগুলেশন্স অভ দি কমিশনার অভ এডুকেশন সংজ্ঞায়িত 13টি প্রতিবন্ধিতা শ্রেণির একটির জন্য যোগ্য হতে হবে: পার্ট 200 প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী
- **IEP কর্মসূচির সুপারিশ:** শিক্ষার্থীর IEP-র সুপারিশকৃত স্পেশাল এডুকেশন প্রোগ্রাম/সার্ভিস পৃষ্ঠায় অবশ্যই ইংরেজি ব্যতীত আরেকটি ভাষা নির্বাচন করতে হবে।

### BSE কর্মসূচির বৈশিষ্ট্য

- **ডুয়েল ল্যাঙ্গুয়েজ (DL):** ELL এবং ইংরেজিতে দক্ষ শিক্ষার্থী উভয়েই একে অপরের জন্য ভাষা রোল মডেল হিশেবে কাজ করে এবং ভাবের আদানপ্রদানের মধ্য দিয়ে উভয় ভাষায় ভাষা-উন্নয়নে সহায়তা প্রাপ্ত হয়। ডুয়াল ল্যাঙ্গুয়েজ কর্মসূচিগুলো শিক্ষার্থীর বাড়ির ভাষায় উন্নতিতে সাহায্য করার পাশাপাশি তার ইংরেজি ভাষা দক্ষতা গড়ে তোলার জন্য পরিকল্পিত হয়েছে। শিক্ষার্থীরা তাদের শিক্ষানির্দেশনার অর্ধেক লাভ করে ইংরেজিতে এবং বাকি অর্ধেক নির্দেশনা লাভ করে উদ্দীষ্ট (বা ইংরেজি নয় এমন) ভাষায়। এই কর্মসূচির লক্ষ্য শিক্ষার্থীরা যাতে ইংরেজি এবং তাদের বাড়ির ভাষায় পড়তে, লিখতে, এবং বলতে পারে।
- **ট্রানজিশন্যাল বাইলিঙ্গুয়াল এডুকেশন (TBE):** কেবলমাত্র ELL-দের জন্য। TBE কর্মসূচিগুলো সময়ের সঙ্গে শিক্ষার্থীদের ইংরেজি ভাষায় দক্ষতা গড়ে তোলার জন্য পরিকল্পিত হয়েছে। শিক্ষার্থীরা ক্রমাগত ইংরেজিতে উত্তরিত হওয়ার আগে নির্দেশনা সময় প্রধানত বাড়ির ভাষায় ব্যবহার করে তাদের বাড়ির ভাষার দক্ষতা ইংরেজিতে স্থানান্তর করতে শুরু করে। ইংরেজি ভাষা গড়ে তোলার প্রাথমিক পর্যায়ে নির্দেশনা সময়ের 60 শতাংশ শিক্ষার্থীর মাতৃভাষায় এবং 40 শতাংশ ইংরেজিতে হবে। শিক্ষার্থীরা ইংরেজিতে সাবলীলতা গড়ে তোলার সঙ্গে সঙ্গে ইংরেজি ভাষায় নির্দেশনা সময় বাড়ে।
- **ইনটিগ্রেটেড কো-টিচিং (ICT):** ICT ক্লাসরুমে প্রতিবন্ধিতাযুক্ত এবং প্রতিবন্ধী নয় এমন শিক্ষার্থীদের অন্তর্ভুক্ত করা হয় যারা একজন জেনারেল এডুকেশন শিক্ষক এবং একজন স্পেশাল এডুকেশন শিক্ষক দ্বারা একসাথে শিক্ষালাভ করে। শিক্ষকরা এক সাথে কাজ করেন এবং পুরো ক্লাস যাতে সাধারণ শিক্ষা পাঠক্রমে অংশগ্রহণ করতে পারে, সেজন্য পাঠ্য উপকরণ খাপ খাওয়ানর ও শিক্ষানির্দেশনাকে পরিবর্তনের জন্য পরস্পরের সাথে সহযোগিতা করেন। প্রতিবন্ধী শিক্ষার্থীর সংখ্যা মোট শিক্ষার্থী সংখ্যার ৪০% অতিক্রম করতে পারবে না বা ক্লাসে সর্বোচ্চ বারো জনের বেশি প্রতিবন্ধী শিক্ষার্থী থাকতে পারবেনা।
- **স্পেশাল ক্লাস (SC):** স্পেশাল ক্লাস প্রতিবন্ধিতাযুক্ত ছেলেমেয়েদের একটি স্বনিয়ন্ত্রিত ক্লাসরুম, ক্ষুদ্রে পরিবেশ প্রদান করে যেখানে শিক্ষার্থীর মোট সংখ্যা হ্রাস করে সর্বোচ্চ 12 থেকে 15 করা হয়। এগুলো সেসব ছেলেমেয়েকে পরিষেবা দেয় যাদের চাহিদা সাধারণ শিক্ষার ক্লাসরুমে পূরণ করা যাবে না। নিজেদের বিশেষ ক্লাসে শিক্ষার্থীদের তাদের চাহিদার সাযুজ্য অনুসারে একত্রিত করতে হবে। ক্লাসগুলোয় একই ধরনের প্রতিবন্ধিতাযুক্ত বা বিভিন্ন ধরনের প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীর স্থান হতে পারে যদি তাদের বিদ্যায়তনিক ও শিখন বৈশিষ্ট্য, সামাজিক মানসগঠনের স্তর, শারীরিক গঠনের স্তর এবং ব্যবস্থাপনা চাহিদা অভিন্ন হয়।
- পাঠক্রম ও নির্দেশনা: BSE কর্মসূচি ক্লাসগুলি কমন কোর লার্নিং স্ট্যান্ডার্ড (CCLS) অনুসরণ করে। ডুয়াল ল্যাঙ্গুয়েজ এবং ট্রানজিশনাল বাইলিঙ্গুয়াল এডুকেশন কর্মসূচিগুলো শিক্ষার্থীদের দুটি ভাষায় একটি অ্যাকাডেমিকভাবে কঠোর পাঠক্রম দিয়ে ELL

দের কমন কোরে স্থিরকৃত মানদণ্ড পূরণ অথবা অতিক্রমে সমর্থ করে থাকে। বাইলিঙ্গুয়াল কমন কোর ইনিশিয়েটিভ হচ্ছে বাইলিঙ্গুয়াল, ইংলিশ অ্যাজ এ নিউ ল্যাঙ্গুয়েজ (ENL) এবং ল্যাঙ্গুয়েজেস আদার দ্যান ইংলিশ (LOTE) শিক্ষকরা কীভাবে ভাষা সক্ষমতা ও সাক্ষরতার বিভিন্ন স্তরে থাকা শিক্ষার্থীদের কাছে কমন কোন মানদণ্ড অভিগম্য করে এমন নির্দেশনা দিতে পারেন তার পথ বাতলে দেয়। NYS বাইলিঙ্গুয়াল কমন কোর ইনিশিয়েটিভ দুই শ্রেণির সহায়সঙ্গতি সৃষ্টি করেছে, নিউ ল্যাঙ্গুয়েজ আর্টস প্রগ্রেসন্স ও হোম ল্যাঙ্গুয়েজ আর্টস প্রগ্রেশন্স। আরও তথ্যের জন্য দয়া করে আপনার কর্মসূচি স্কুলে কথা বলুন এবং নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট এডুকেশনের ওয়েবসাইট Bilingual Education and English as a New Language দেখুন।

## বাইলিঙ্গুয়াল স্পেশাল এডুকেশন (BSE) অনুসন্ধান প্রক্রিয়া

BSE কর্মসূচিগুলে IEP-অনুসারী। অন্য কথায়, ইংরেজি ব্যতীত অপর একটি ভাষা নির্দেশনার ICT অথবা স্পেশাল ক্লাস সুপারিশ করা হয়ে থাকলে, শিক্ষার্থী কর্মসূচিতে স্থানলাভের জন্য যোগ্য।

**অনুসন্ধান:** বাইলিঙ্গুয়াল ICT অথবা বাইলিঙ্গুয়াল স্পেশাল ক্লাসসহ IEP চূড়ান্ত হওয়ার পর, IEP টিম প্লেসমেন্টের জন্য সেন্ট্রাল BSE প্রোগ্রাম টিমের সঙ্গে যোগাযোগ করবে।

- বছরের যেকোন সময়ে অনুসন্ধান জমা দেওয়া অথবা প্রশ্ন জিজ্ঞেস করার জন্য পরিবারবর্গ ও স্কুলগুলি ঠিকানায় BSEprograms@schools.nyc.gov ইমেইল পাঠিয়ে সেন্ট্রাল BSE প্রোগ্রাম টিমের সঙ্গে যোগাযোগ করতে পারে।
- সেপ্টেম্বরে কিন্ডারগার্টেনে প্রবেশকারী শিক্ষার্থীদের (5 বছর পূর্ণ হওয়া) সেন্ট্রাল BSE প্রোগ্রামস টিমের সহযোগিতায় অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট স্কুল বছরের আগে মার্চ অথবা এপ্রিলে প্লেসমেন্টের প্রস্তাব দেয়।

- **সেন্ট্রাল BSE প্রোগ্রাম টিম কর্তৃক প্রাপ্তিস্বীকার:** আপনি যদি সেন্ট্রাল BSE প্রোগ্রামস টিমে ইমেইল করেন তাহলে আপনি আপনার অনুসন্ধানের প্রাপ্তিস্বীকারের ইমেইল পাবেন।

  আপনি যদি আপনার সন্তানের জন্য অনুসন্ধান জমা দিয়ে থাকেন, তাহলে সেন্ট্রাল BSE টিম আপনার সন্তানের স্কুল অথবা ডিস্ট্রিক্টের CSE অবহিত করবে যে আপনি বাইলিঙ্গুয়াল স্পেশাল এডুকেশনের ব্যাপারে আগ্রহী।

- **প্রাথমিক পর্যালোচনা:** সেন্ট্রাল BSE প্রোগ্রামস টিম শিক্ষার্থীদের IEP পর্যালোচনা করে এটি নিশ্চিত করার জন্য যে এটি একটি বাইলিঙ্গুয়াল ICT অথবা স্পেশাল ক্লাস কর্মসূচি সুপরিশ করেছে। এ ছাড়া, টিম শিক্ষার্থীর বাড়ির নিকটতম BSE কর্মসূচি, যেখানে আসন খালি আছে, চিহ্নিত করার জন্য শিক্ষার্থীর ঠিকানা নিশ্চিত করে।

- **স্কুলে প্লেসমেন্ট:** সেন্ট্রাল BSE প্রোগ্রামস টিম যদি বাড়ি থেকে যুক্তিসঙ্গত দূরত্বে এবং আসন খআলি আছে এমন একটি বাইলিঙ্গুয়াল স্পেশাল এডুকেশন কর্মসূচিতে আসন দিতে সমর্থ হয়, তাহলে আপনি একটি স্কুল লোকেশন লেটার (SLL) পাবেন যেখানে BSE কর্মসূচিতে আসন খালি থাকা স্কুলটিকে চিহ্নিত করা হবে। BSE কর্মসূচিটি আপনার লোকাল ডিস্ট্রিক্ট স্কুলের পরিবে্তে অন্য স্কুলও হতে পারে। স্কুল যদি আপনার বাড়ির কাছে না হয়, তাহলে আপনার সন্তান একটি পরিবহণ লাভ করার জন্য যোগ্য।

  **যদি BSE টিম শিক্ষার্থীর জন্য লভ্য বাইলিঙ্গুয়াল ক্লাস শনাক্ত করতে না পারে তাহলে শিক্ষার্থীকে মনোলিঙ্গুয়াল (ইংরেজি) ICT অথবা স্পেশাল ক্লাস জুগিয়ে সহায়তা করতে হবে এবং সেন্ট্রাল BSE প্রোগ্রামস টিম লভ্য বাইলিঙ্গুয়াল স্পেশাল এডুকেশন কর্মসূচির সন্ধানে থাকবে। এ ছাড়া, শিক্ষার্থীর ইংলিশ অ্যাজ এ নিউ ল্যাঙ্গুয়েজ (ENL) সার্ভিসেস লাভ বজায় থাকবে।**

- **পরিদর্শন ও ভর্তি:** স্কুল লোকেশন লেটার (SLL)এ যোগাযোগের ব্যক্তির নাম ও BSE কর্মসূচি আছে এমন স্কুলের ঠিকানা লেখা থাকবে। পরিদর্শনের জন্য অ্যাপয়েন্টমেন্ট করতে দয়া করে স্কুলে কল করুন। স্কুল পরিদর্শনের পর, আপনি BSE প্রস্তাবটি গ্রহণ বা প্রত্যাখ্যান করছেন তা জানাতে আপনার সন্তান যে স্কুলে যায় সেটির IEP টিমের সাথে যোগাযোগ করুন।

- **নতুন স্কুলে রেজিস্টার করা:** যদি আপনি BSE- এর প্রস্তাব গ্রহণ করেন তাহলে দয়া করে আপনার সন্তানকে রেজিস্টার করতে আপনার সন্তানের বার্থ সার্টিফিকেট, ঠিকানার দুট প্রমাণসহ স্কুল লোকেশন লেটার(SLL) নিয়ে নতুন স্কুলে যান। (রেজিস্ট্রেশনের জন্য কী আনতে হবে জানতে DOE ওয়েবসাইট দেখুন)।

আমরা আপনার সন্তানকে তার জ্ঞানগত, অ্যাকাডেমিক ও ভাষাগত চাহিদা পূরণ করে এমন একটি বাইলিঙ্গুয়াল স্পেশাল এডুকেশন সার্ভিস জোগানোর আশায় রয়েছি। বাইলিঙ্গুয়াল স্পেশাল এডুকেশন সার্ভিস সম্পর্কে আরও জানতে আমাদের ওয়েবসাইট দেখুনন: স্পেশালাইজড কর্মসূচি।